

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলি :

১. জাতীয় সাংস্কৃতিক ঐতিহ্য, চারু-কারু ও ললিত কলার সংরক্ষণ, গবেষণা ও উন্নয়ন।
২. প্রত্নতত্ত্ব, স্থাপত্য ও ভাস্কর্য।
৩. জাতীয় গ্রন্থাগার/গণগ্রন্থাগারের উন্নয়ন ও প্রবর্ধন।
৪. জাতীয় জীবনের সর্বস্তরে বাংলার প্রচলনে সহায়তা/সহযোগিতা।
৫. প্রাচীন ঐতিহাসিক সৌধাদি বিশেষ করে জাতীয় গুরুত্বপূর্ণ ঘোষিত সৌধাদির মেরামত ও রক্ষণাবেক্ষণ।
৬. একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস উদ্‌যাপন।
৭. একুশে ফেব্রুয়ারি পুরস্কার (একুশে পদক) প্রদান।
৮. সংস্কৃতিসেবী সংগঠনের জন্য গ্রান্টস ইন এইড প্রদান।
৯. সংস্কৃতি ও ঐতিহ্যের অঙ্গনে কার্যরত আন্তর্জাতিক সংগঠন ও তাদের বিশ্বজনীন অনুষ্ঠানমালা আয়োজনে সহায়তা।
১০. জাতীয় সংস্কৃতি, ঐতিহ্য এবং চারুকলার বিকাশ ও উন্নয়নে সহায়তা প্রদান।
১১. চারুকলা, সংস্কৃতি, ঐতিহ্য ইত্যাদি ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য মেধা পুরস্কার/ পদক প্রদান।
১২. জাতীয় ও আন্তর্জাতিক সংস্কৃতি সম্মেলন/ সভা ইত্যাদিতে অংশগ্রহণ ও আয়োজন করা।
১৩. সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্যের ক্ষেত্র সংক্রান্ত প্রকাশনার উন্নয়ন সাধন।
১৪. সংস্কৃতি ও ঐতিহ্য বিকাশের লক্ষ্যে জাতীয় সংগঠন/সংস্থা প্রতিষ্ঠা/প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

১৫. বিদেশি রাষ্ট্রের সঙ্গে সাংস্কৃতিক চুক্তি সম্পাদনা।
১৬. বিদেশি রাষ্ট্রের সঙ্গে সাংস্কৃতিক দল বিনিময়।
১৭. পল্লী সাহিত্য, পল্লী সংস্কৃতি ও পল্লী জাদুঘর প্রতিষ্ঠা।
১৮. সাহিত্যসেবী, শিল্পী প্রমুখদের পেনশন প্রদান।
১৯. আর্থিক বিষয়াদিসহ মন্ত্রণালয়ের প্রশাসন পরিচালনা।
২০. আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রশাসন ও নিয়ন্ত্রণ।
২১. বিদেশি রাষ্ট্র, বৈশ্বিক সংস্থা ও আন্তর্জাতিক সংগঠনের সঙ্গে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিষয়ে লিয়াজো করতঃ চুক্তি প্রণয়ন।
২২. এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল আইন প্রণয়ন ও মন্ত্রণালয় সংক্রান্ত বিষয়াদি নিষ্পত্তি।
২৩. এ মন্ত্রণালয়ের সকল বিষয়ে পরিসংখ্যান প্রণয়ন।
২৪. আদালত কর্তৃক গৃহীত ফি ব্যতিত এ মন্ত্রণালয় সংক্রান্ত বিষয়ে ফি নির্ধারণ ও আদায়।